



ঢাবিতে তিনজনের প্যানেল মনোনীত করলেন সিনেট সদস্যরা

প্রকাশিত: ০১ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

- উপাচার্য নিয়োগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিনেট অধিবেশনে উপাচার্য নিয়োগের জন্য তিনজনের প্যানেল মনোনীত করেছেন সিনেট সদস্যরা। তারা হলেন বর্তমান উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক মুহম্মদ সামাদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এএসএম মাকসুদ কামাল।

বুধবার বিকেল সাড়ে ৩ টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এই বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান এবং উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে সিনেটের ১০৫ সদস্যের মধ্যে ৯৩ সদস্য যোগদান করেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com